

হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ ভাষা, পেশা ইত্যাদি বিষয়ক রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আবুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

২. ফার্সী ভাষায় কথা বলার কঠিন অপরাধ

ফাসী ভাষা আল্লাহর কাছে সবচেয়ে ঘৃণিত ভাষা অর্থে জাল হাদীসের কথা পূর্বে উল্লেখ করেছি। ফার্সী ভাষায় কথা বলার নিষেধাজ্ঞা জ্ঞাপক অনেক হাদীস বানিয়েছে জালিয়াতগণ। হাকিম নাইসাপূরী তার 'মুসতাদরাক' গ্রন্থে রাসূলুল্লাহ (ৠৄৄৄ) থেকে নিম্নের হাদীসটি উদ্ধৃত করেছেন:

"যদি কেউ ফার্সী ভাষায় কথা বলে, তবে তা তার নোংরামি-পাপ বৃদ্ধি করবে এবং তার মনুষ্যত্ব ও ব্যক্তিত্ব কমিয়ে দেবে।"

এ হাদীসের একমাত্র বর্ণনাকারী তালহা ইবনু যাইদ রুক্কী। তিনি দাবি করেন যে, ইমাম আউযায়ী তাকে হাদীসটি ইয়াহইয়া ইবনু আবী কাসীর থেকে আনাস থেকে বর্ণনা করেছেন। এ ব্যক্তিকে মুহাদ্দিসগণ পরিত্যক্ত ও অত্যন্ত আপত্তিকর বলে উল্লেখ করেছেন। এজন্য ইবনুল জাওয়ী, যাহাবী প্রমুখ ইমাম হাদীসটিকে বানোয়াট ও মিথ্যা বলে গণ্য করেছেন। ইমাম সুয়ূতী একাধিক সমার্থক হাদীসের ভিত্তিতে হাদীসটিকে মোটামুটি গ্রহণযোগ্য বলে গণ্য করার পক্ষে মত প্রকাশ করেছেন। এখানে লক্ষণীয় যে, সনদগত দুর্বলতার পাশাপাশি অর্থ ইসলামী মূল্যবোধের বিরোধী হওয়ায় হাদীসটি বাতিল বলেই গণ্য।

ফুটনোট

[1] ইবনু আদী, আল-কামিল ৪/১০৮-১১০; হাকিম, আল-মুসতাদরাক ৪/৯৮; ইবনুল জাওযী, আল-মাউদূ'আত ২/২৬৫-২৬৬; যাহাবী, মীযানুল ই'তিদাল ৩/৪৬৩-৪৬৪; সুয়ূতী, আল-লাআলী ২/২৮১; ইবনু আর্রাক, তানযীহ ২/২৯১।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5044

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন